# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 20.04.24                    Time: 07.35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভা নির্বাচনের প্রথম দফায় রাজ্যের তিনটি লোকসভা আসনে গড়ে ভোট পড়েছে ৭৭ দশমিক ৫/৭ শতাংশ। সবচেয়ে বেশী ভোট পড়েছে জলপাইগুড়িতে- ৮৪ শতাংশ। # দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া মোটের ওপরে ভোটপর্ব ছিল শান্তিপূর্ণ।

২/ প্রথম দফার ভোট পর্ব মিটে যাওয়ার পর দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের জন্য প্রচার পর্ব জমে উঠেছে। # তৃতীয় দফার ভোটের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে।

৩/ নির্বাচন কমিশন, মুর্শিদাবাদের শক্তিপুর ও বেলডাঙ্গা থানায় সাম্প্রতিক অশান্তির ঘটনায় প্রেক্ষিতে ঐ দুই থানার ওসিকে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে।

৪/ পশ্চিম ও উত্তর পশ্চিম দিক থেকে বয়ে আসা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী মঙ্গলবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি।

৫/ মোহনবাগান সুপার জায়ান্ট, ISL ফুটবলের প্রথম সেমিফাইনালে ওড়িশা এফসি-র বিরূদ্ধে খেলবে।

******************************************************************

লোকসভা নির্বাচনের প্রথম দফায় পশ্চিমবঙ্গ সহ ১৭ টি রাজ্য ও চারটি কেন্দ্রশাসিত অঞ্চলে ১০২ টি আসনে ৬২ দশমিক ৩/৭ শতাংশ ভোট পড়েছে। পশ্চিমবঙ্গের তিনটি লোকসভা আসন- কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ৭৭ দশমিক ৫/৭ শতাংশ ভোট পড়েছে।

সবচেয়ে বেশী ভোটদানের খবর মিলেছে জলপাইগুড়ি থেকে- ৮৪ শতাংশ। এছাড়া কোচবিহারে ৭৭ দশমিক ৭/৩ এবং আলিপুরদুয়ারে ৭৫ দশমিক ৫/৪ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

প্রচণ্ড গরম উপেক্ষা করেই সমাজের সরবস্তরের মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া মোটের ওপরে ভোটপর্ব ছিল শান্তিপূর্ণ। গত সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, তিন জেলা থেকে মোট ৫৫৬ টি অভিযোগ পাওয়া গেছে। এরমধ্যে বেশিরভাগই এসেছে কোচবিহার থেকে। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে দু'জনকে গ্রেপ্তার এবং সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ১০ জনকে আটক করা হয়েছে বলেও সিইও জানান।

(বাইট- আরিজ আফতাব)

***************

প্রথম দফার নির্বাচনে আলিপুরদুয়ারে ভোটপর্ব শান্তিতেই অতিবাহিত হলেও কোচবিহার ও জলপাইগুড়ি থেকে বিক্ষিপ্ত কিছু অশান্তির খবর পাওয়া গেছে।

**কোচবিহারে** দিনহাটার ভেটাগুড়ির উত্তরপাড়া এলাকায় গতকাল উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহকে ঘিরে বিক্ষোভ দেখায় স্থানীয় বিজেপি মহিলাকর্মীরা। দলীয় পঞ্চায়েত সদস্যকে গ্রেপ্তারের প্রতিবাদেই এই বিক্ষোভ বলে জানা গেছে। বিশাল পুলিশ বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে উদয়ন গুহর দাবি সবটাই বিজেপির সাজানো। বিজেপি নেতা নিশীথ প্রামানিক অবশ্য পাল্টা অভিযোগ করেছেন, উদয়ন গুহর প্ররোচোনাতেই বিভিন্ন জায়গায় অশান্তি হয়েছে।

দিনহাটার গীতলদহে ভোটের পর বিজেপির বুথ সভাপতিকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। আহত অবস্থায় তিনি দিনহাটা মহকুমা হাসাপাতলে চিকিৎসাধীন।

অন্যদিকে **তুফানগঞ্জ** বিধনসভা কামাত ফুলবাড়ির একটি বুথে তৃণমূল কংগ্রেস আশ্রীত দুষ্কৃতীদের বিরুদ্ধে বিজেপির পোলিং এজেন্টকে মারধরের অভিযোগ উঠেছে। তিনিও আহত অবস্থায় তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। তুফানগঞ্জের বিধায়ক মালতী রাভারায় তাঁকে দেখতে হাসপাতালে যান।

কোচবিহার **শহরের ১৮ নম্বর ওয়ার্ডে** সাধারণ ভোটারকে ভয় দেখানো, বাড়ি ভাংচুর ও মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। CPIM-এর দাবী, তাঁদের সমর্থকদের মারধোর করছে শাসক দলের দুষ্কৃতীরা। অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

অন্যদিকে ভোট শুরুর ২'ঘন্টা পরেই **শীতলকুচির গোঁসাইর হাটের** চাতরা এলাকায় বিজেপি কর্মীকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। শীতলকুচির ছোট শালবাড়ির ২৮৬ নম্বর বুথে বিজেপির বিরুদ্ধে ভোটারদের বাধা দেওয়ার অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস।

কোচবিহার লোকসভা কেন্দ্রে বিভিন্ন অশান্তির ঘটনায় নির্বাচন **কমিশন রিপোর্ট তলব** করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে কোচবিহারে এত অশান্তির কারণ এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, তা জানতে চাওয়া হয়েছে।

**এদিকে, জলপাইগুড়িতে** ডাবগ্রাম ফুলবাড়ি বিধানসভার চতুরাগছ এলাকায় তাদের বুথ অফিসে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা আগুন ধরিয়ে দেয় বলে বিজেপি অভিযোগ করেছে। শাসকদল অবশ্য অভিযোগ অস্বীকার করে।

ডাবগ্রাম ফুলবাড়ি এলাকার বিজেপি **বিধায়ক শিখা চট্টোপাধ্যায়কে** ঘিরে পশ্চিম ধনতলার ৩০১ নম্বর বুথে বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেস কর্মীরা। ঐ বুথ চত্বরে এক তৃণমূল কর্মী বুকে ঘাসফুল লাগিয়ে ভোটারদের প্রভাবিত করছিলেন, এই অভিযোগে বিধায়ক তাতে বাধা দেন। তখনই তাকে ঘিরে তৃণমূলের পক্ষ থেকে বিক্ষোভ প্রদর্শন শুরু হয়। এই নিয়ে বুথ চত্বরে দেখা দেয় তুমুল উত্তেজনা। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।শিখা চট্টোপাধ্যায়ের অভিযোগ,

পুলিশ বিনা ওয়ারেন্টে তাঁকে গ্রেপ্তারের চেষ্টা করে। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে অবশ্য তা অস্বীকার করা হয়েছে।

ভোটের শেষ লগ্নে শিখা চট্টোপাধ্যায় তিলেশ্বরী হাইস্কুলে গেলে সেখানেও উত্তেজনা ছড়ায়। স্থানীয় কাউন্সিল মুন্না প্রসাদ ও তার অনুগামীরা বুথের ভেতরে ঢুকে ভাটরদের প্রভাবিত করার চেষ্টা করেন বলে বিজেপি কর্মী সমর্থকদের অভিযোগ। তাদের দাবি, পুলিশকে জানালেও কোনো ব্যবস্থা হয়নি। এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে তারা বিক্ষোভে সামিল হন। পরিস্থিতি সামাল দিতে নামানো হয় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। তারা বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে পরিস্থিতি সামাল দেয়। শিখা চ্যাটার্জির ওপর হামলার প্রতিবাদে বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ শিলিগুড়ির সফদর হাসমী চকে বিক্ষোভ দেখান।

এদিকে কোচবিহারে ভোটপর্ব মিটতে না মিটতেই তৃণমূল কংগ্রেস ও বিজেপি দু'দলই বিজয় মিছিল বের করে। তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি অভিজিত দে ভৌমিকের নেতৃত্বে শাসক দল কোচবিহার শহরে বিজয় মিছিলে সামিল হয়। তাঁদের দাবী, তৃণমূল প্রার্থীর জয় সুনিশ্চিত। অন্যদিকে বিজেপি কর্মীরাও তাঁদের প্রার্থীর জয় সুনিশ্চিত দাবী করে জেলা পার্টি অফিসের সামনে একইভাবে উৎসব পালন করেন।

***************

প্রথম দফার ভোট পর্ব মিটে যাওয়ার পর দ্বিতীয় ও তৃতীয় অফার জন্য প্রচার পর্ব জমে উঠেছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ভোট প্রচারে মালদায় থাকবেন। মালদা উত্তর ও দক্ষিণ কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি জনসভা করার কর্মসূচি রয়েছে তাঁর। প্রথমে গাজোলে মালদা উত্তর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রসূন বন্দোপাধ্যায়ের সমর্থনে মুখ্যমন্ত্রীর জনসভা করার কথা। এরপরে মালদা দক্ষিণ কেন্দ্রের মানিকচকে দলীয় প্রার্থী শাহনাওয়াজ আলী রায়হানের সমর্থনে তিনি আরেকটি জনসভা করবেন।

মুখ্যমন্ত্রী গতকাল মুর্শিদাবাদের জঙ্গিপুর ও হরিহর পাড়ায় নির্বাচনী সভা করেন। দুটি সভাতেই কেন্দ্রের বিজেপি সরকারের কড়া সমালোচনা করেন তিনি। জঙ্গীপুরের সভায় তৃণমূল কংগ্রেস নেত্রী স্পষ্ট জানান-

( বাইট- মমতা )

তৃণমূল কংগ্রেস নেতা রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম আজ মুর্শিদাবাদের খড়গ্রামে দলের ভোটের প্রচারে এক জনসভায় বক্তব্য রাখবেন।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও আজ মালদা উত্তর ও দক্ষিণ কেন্দ্রের লোকসভা ভোটের প্রচারে অংশ নেবেন। প্রথমে মালদা উত্তর কেন্দ্রে রতুয়ায় দলীয় প্রার্থী খগেন মুর্মুর সমর্থনে এবং পরে মালদা দক্ষিণ কেন্দ্রের ইংরেজ বাজারে শ্রীরূপা মিত্র চৌধুরী সমর্থনে তাঁর দুটি জনসভা করার কথা। বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল আজ পশ্চিম মেদিনীপুরের খড়গপুর ও দাঁতনের বিভিন্ন জায়গায় জনসভা ও জন সংযোগ কর্মসূচীতে সামিল হবেন।

CPIM –এর রাজ্য সম্পাদ মহম্মদ সেলিম মুর্শিদাবাদের লালবাগ, জিয়াগঞ্জ, নারায়নপুর ও করিমপুরে বিভিন্ন জনসভায় যোগ দেবেন। দলের নেতা সুজন চক্রবর্তী উত্তর ২৪ পরগণার বেলঘড়িয়া ও ডাঙ্গাপাড়া চৌধুরী মোড় থেকে পদযাত্রায় সামিল হবেন।

***************

তৃতীয় দফার ভোটের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ দাখিলের সময়সীমা গতকাল শেষ হয়েছে।

এই দফায় মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ এই চারটি আসনে ভোট গ্রহণ ৭’ই মে। নাম প্রত্যাহারের শেষ দিন ২২ শে এপ্রিল। একইসঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা আসনের উপ নির্বাচনেও ভোট নেওয়া হবে ৭-ই মে।

এদিকে, চতুর্থ দফার ভোটের জন্য মনোনয়নপত্র দাখিলের কাজ চলেছে।

***************

নদীয়ার কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রের সাক্ষাৎকার মুলক একটি ভিডিও ক্লিপ সামাজিক মাধ্যমে বিদ্বেষ মূলক ভাবে প্রচার হচ্ছে বলে অভিযোগ উঠেছ। এ নিয়ে থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে। এর প্রেক্ষিতে ৫ টি ধারায় মামলা রুজু হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে ।

নির্বাচন কমিশনের দেওয়া বিধিকে লঙ্ঘন করে গ্রাম পঞ্চায়েতের ট্যাক্স কালেক্টরকে এবাবের লোকসভা নির্বাচনে থার্ড পোলিং অফিসারের দায়িত্ব দেয়া হয়েছে বলে CPIM অভিযোগ করেছে।

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনা ২ নম্বর ব্লকের ট্যাক্স কালেক্টর দেবাশীষ ব্যানার্জিকে আরামবাগ লোকসভা কেন্দ্রের অন্তর্গত চন্দ্রকোনা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত এলাকায় থার্ড পোলিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে । কমিশনের বিধি লঙ্ঘন করে কিভাবে এই নিয়োগ করা হয়েছে সেই প্রশ্ন তুলে CPIM-এর রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য শমিক লাহিড়ী গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন। রাজ্যের অন্যত্র যাতে এরকম ঘটনার পুনরাবৃত্তি না ঘটে তা দেখার জন্যও তিনি মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে অনুরোধ জানান।

***************

নির্বাচন কমিশন মুর্শিদাবাদের শক্তিপুর ও বেলডাঙ্গা থানায় সাম্প্রতিক অশান্তির ঘটনায় প্রেক্ষিতে ঐ দুই থানার ওসিকে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে। তাদের জায়গায় অন্য আধিকারিক নিয়োগের জন্য আজ সকাল ১১ টার মধ্যে তিনজনের নাম পাঠানোরও নির্দেশ দিয়েছে কমিশন। কমিশনের সচিব রাকেশ কুমার এক প্রেস বিবৃতিতে জানিয়েছেন, ঐ দুই ওসি হিংসা দমনে ব্যর্থ হয়েছেন বলে প্রমাণ মিলেছে। ঐ দুই অফিসার, জেলার পুলিশ হেডকোয়ার্টারে থাকবেন, কিন্তু নির্বাচন সংক্রান্ত কোনও কাজ করতে পারবেন না বলে কমিশনের নির্দেশনামায় জানানো হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাদের বিরুদ্ধে চার্জশিট দাখিল করতে বলা হয়েছে।

এদিকে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, স্থানীয় প্রশাসনের আগেই ওসির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত ছিল। ওই ঘটনায় ওসি-র পাশাপাশি স্থানীয় বিডিও-র বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া উচিত বলে অধীর বাবু মন্তব্য করেন।

( বাইট-অধীর )

***************

পশ্চিম ও উত্তর পশ্চিম দিক থেকে বয়ে আসা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী মঙ্গলবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, এই সময় গাঙ্গেয় পশ্চিমবঙ্গে তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৬’ডিগ্রি ওপরে।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৫ ডিগ্রি বেশি। চলতি মরশুমে এই প্রথম সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি ছাড়ালো। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৬’ডিগ্রি সেলসিয়াস- স্বাভাবিক।

*****************************************************************